Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০১ ফাল্গুন ১৪৩১

DU in Media

14 February 2025

## The Asian Age




**Adviser Asif Mahmud Sojib Bhuiyan attends the closing ceremony of Dhaka University's 'Youth Festival 2025' at the university central play ground on Thursday.** -Collected

# 'July atrocities, Aynaghar being documented globally'

**AA News Desk**

Adviser for Local Government, Rural Development and Cooperatives and Youth and Sports Asif Mahmud Sojib Bhuiyan has said supporters of the fascist ruler won't be able to deny their misdeeds as their atrocities during the July Uprising and their torture cell Aynaghar have been documented locally and internationally.

"We have visited the mysterious Aynaghar yesterday and let the world perceive what had been happening there. World has seen the realities, yet the supporters of fascism are shamelessly denying the facts. But denying the facts won't be fruitful this time because their atrocities during the July Uprising have been documented and published," he said.

He said this while addressing as the chief guest the closing ceremony of Dhaka University's 'Youth Festival 2025' at the university central play ground.

Speaking about the significances of documenting the July atrocities and Aynaghar, the adviser said the fascist forces, who clang to power by committing crimes like killing and enforced disappearances, will permanently be pondered as the enemy of the common masses both nationally and internationally.

"To reconstruct Bangladesh with the energy of youth, we have been observing the youth festival across the country and young people are participating in the festivals spontaneously with enthusiasm," he said. "The programme has been arranged aimed at organizing our youth and to present their ability and power to the world," he added.

Regarding the contribution of youths during the July Uprising, he said the youths functioned as the driving forces in the movement and still now the youths are serving the best to defuse all kind of conspiracy. If they remain functional as they are now, it will be impossible to misguide Bangladesh, he noted.

DU vice chancellor Professor Niaz Ahmed Khan was in the chair while youth and sports secretary Md. Rezaul Maksud Zahedi was present as the special guest.

The adviser distributed prizes among the winners of different competitions including drawing, case solving, debate and chess.

At the end of the program, convener of DU Youth Fest Prof. Jashim Uddin gave thanks to the participants and organizers of the festival.

The curtain of the three day-long Youth Festival of DU falls tonight with a concert to be performed by national award-winning rock icon Faruq Mahfuz Anam James, popularly known as 'Nagarbaul James'.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০১ ফাল্গুন ১৪৩১

DU in Media

14 February 2025

দৈনিক বর্তমান



# বাংলাদেশে প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী পেলেন মর্যাদাপূর্ণ IEEE EDS ফেলোশিপ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলোজি অনুষদের (FoET) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল (উউউ) বিভাগ থেকে ইয়াসিন আরাফাত প্রীতম এবং নাজমুল হাসান নাঈম যথাক্রমে ২০২৩ ও ২০২৪ সালের IEEE Electron Devices Society (EDS) এর Undergraduate এবং Masters ফেলোশিপ অর্জন করেছেন। গত ১২ই ফেব্রুয়ারি, ২০২৫ ইং বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি তাদের হাতে এ পুরস্কার তুলে দেন। এ সময় উপস্থিত ছিলেন অধ্যাপক ড. উপমা কবির, ডিন, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলোজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং EEE বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাইনুল হোসেন। ইয়াসিন এবং নাজমুল দুজনই বাংলাদেশ থেকে এই ফেলোশিপ অর্জনকারী প্রথম শিক্ষার্থী।

বিশ্বব্যাপী প্রতিযোগিতামূলক IEEE EDS ফেলোশিপ অসাধারণ গবেষণা দক্ষতা প্রদর্শনকারী মেধাবী শিক্ষার্থীদের স্বীকৃতি দিয়ে থাকে। যারা ইলেকট্রন ডিভাইসের ক্ষেত্রে গবেষণায় সক্রিয়ভাবে যুক্ত এবং প্রকৌশল শিক্ষায় উৎকর্ষের প্রমাণ রেখেছে, তারাই এই ফেলোশিপ এর জন্য নির্বাচিত হয়ে থাকে। ২০২৩ সালে, ইয়াসিন ছিলেন বিশ্বব্যাপী একমাত্র শিক্ষার্থী যিনি IEEE EDS Undergraduate Fellowship অর্জন করেন, এবং ২০২৪ সালে নাজমুল ছিলেন বিশ্বব্যাপী তিনজন Master's Fellowship প্রাপ্তদের মধ্যে একজন। বাকি দুইজন পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী হলেন জর্জিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজি, যুক্তরাষ্ট্র এবং ন্যাশনাল পলিটেকনিক ইনস্টিটিউট, মেক্সিকো থেকে।

নাজমুল বর্তমানে নেগেটিভ ক্যাপাসিট্যান্স FET-ভিত্তিক গ্যাস সেন্সর এর মডেলিং নিয়ে গবেষণা করছেন, যা নেগেটিভ ক্যাপাসিট্যান্স এর Steep-switching বৈশিষ্ট্যকে ব্যবহারের মাধ্যমে উচ্চ সংবেদনশীল এবং উচ্চ কার্যকারিতাসম্পন্ন সেন্সর তৌরি করতে সক্ষম। অন্যদিকে, ইয়াসিন ন্যানোস্কেল ঋউএঃ আর্কিটেকচার ডিজাইন ও সিমুলেশনে মেশিন লার্নিং-এর ব্যবহ-ার নিয়ে গবেষণা করছেন, যা আধুনিক সেমিকন্ডাক্টর প্রযুক্তি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। নাজমুল ও ইয়াসিন অত্যন্ত আশাবাদি যে তারা উউঝ ফেলোশিপের সহায়তায় নতুন সেন্সর ও লজিক অ্যাপ্লিকেশনের জন্য উন্নত ও নির্ভরযোগ্য ডিভাইস মডেল তৈরি করতে পারবে । তাদের গবেষণার তত্ত্বাবধায়ক EEE বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাইনুল হোসেন, যিনি লো-পাওয়ার কম্পিউটিং, বায়োসেন্সিং এবং এনার্জি হারভেস্টিংয়ের জন্য উন্নত সেমিকন্ডাক্টর ডিভাইস এর গবেষণায় অত্যন্ত আগ্রহী।

এই উল্লেখযোগ্য সাফল্য বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক স্থাপন করেছে, যা সেমিকন্ডাক্টর ডিভাইসের ক্ষেত্রে বাংলাদেশের ক্রমবর্ধমান উপস্থিতিকে বিশ্বমঞ্চে তুলে ধরছে। ইয়াসিন এবং নাজমুলের এই সাফল্য যে শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য অপরিসীম গর্ব বয়ে এনেছে তা নয়, বরং বিশ্বমঞ্চে তরুণ বাংলাদেশি গবেষকদের সম্ভাবনার দ্বারকেও উন্মুক্ত করেছে।

অধ্যাপক ড. উপমা কবির, ডিন, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ড. মাইনুল হোসেন, সহযোগী অধ্যাপক, BBB বিভাগ-এর উপস্থিতিতে ইয়াসিন এবং নাজমুল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান,পিএইচডি এর কাছ থেকে IEEE EDS স্নাতক ও স্নাতকোত্তর ফেলোশিপ অ্যাওয়ার্ড গ্রহণ করছেন।

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃহস্পতিবার জগন্নাথ হল খেলার মাঠে সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন -বর্তমান

### ঢাবি সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইয়াকুব ও সজীব যুগ্ম চ্যাম্পিয়ন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী মো. ইয়াকুব আলী এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সজীব কাজী যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ইতিহাস বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ আমানুল্লাহ সরকার রানার্স-আপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বৃহস্পতিবার সকালে জগন্নাথ হল খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, হল বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ রুহুল আমিন, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## সংবাদ

### সলিমুল্লাহ হল ক্রীড়ায় ইয়াকুব ও সজীব যুগ্ম চ্যাম্পিয়ন

সংবাদ স্পোর্টস ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী মো. ইয়াকুব আলী এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সজীব কাজী যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ইতিহাস বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ আমানুল্লাহ সরকার রানার্স-আপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গতকাল জগন্নাথ হল খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, হল বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ রুহুল আমিন, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

